

# INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021

Let The Youth Lead

Strategic  
Partners:



## নিউট্রিশন কার্নিভাল প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে “নিউট্রিশন কার্নিভাল” এ অংশগ্রহণের জন্য সকলকে আহ্বান করা হচ্ছে। নিউট্রিশন কার্নিভাল (যেমন খুশি তেমন সাজো) প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

**বয়স সীমা:** ১০ - ২৪ বছর।

**বিষয়বস্তু:** “সুস্থান্ত্রের জন্য পুষ্টি”।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:**

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

**রেজিস্ট্রেশন:** আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “নিউট্রিশন কার্নিভাল” নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশন এর শেষ সময়:** ১০/১২/ ২০২১

**ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

দল (সর্বোচ্চ ৩ জন) অথবা এককভাবে অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতার জন্য সকল উপকরণ নিজেদের সংগ্রহ করতে হবে, কর্তৃপক্ষ প্রদান করবে না।



## ক্ষেত্রিক:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	বিষয়বস্তু উপস্থাপন	২০
২.	সাজ	৩০
৩.	পুষ্টি বার্তা	২০
৪.	সহজলভ্যতা	২০
৫.	নিয়মাবলী অনুসরণ	১০

## প্রাথমিক বাছাই:

১২/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১৪/১২/২০২১ তারিখে সরাসরি অংশগ্রহণ করতে হবে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের উদ্দেশ্য এবং উপস্থাপনার বিষয়বস্তু বর্ণনা করতে হবে।

## চূড়ান্ত বাছাই:

প্রাথমিক বাছাই নির্বাচিত প্রতিযোগী/প্রতিযোগী দলটি তার/তাদের উপস্থাপনার বিষয়বস্তু এবং কেন এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন তা বর্ণনা করে ১ মিনিটের ভিডিও Google Form এ সাবমিট করতে হবে।

চূড়ান্ত পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ভেন্যুতে আমন্ত্রণ জানানো হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত বিজয়ী প্রতিযোগী/দলের নাম অলিম্পিয়াডের সমাপনী অনুষ্ঠানে ঘোষণা করতে হবে।

**সময়সীমা:** প্রাথমিক বাছাই এ নির্বাচিতদের ১৭/১২/২০২১ (রাত ১১.৩০ মিনিট) সময়ের মধ্যে ভিডিও সাবমিট করতে হবে।

## ভিডিও জমা দেওয়ার ঠিকানা (চূড়ান্ত পর্যায়):

নিজের নাম, গ্রুপ, অর্ডার নাম্বার দিয়ে ফাইলটি অবশ্যই Rename করে সাবমিট করতে হবে। সাবমিট লিংক: <https://forms.gle/qLv476v6dzGDm3uc7> আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েব সাইটে রেজিস্ট্রেশন করার সময় অর্ডার নাম্বারটি তৈরী হবে।

**যোগাযোগ:** নিউট্রিশন কার্নিভাল বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, মারুফা মিথিল এর সাথে ফোন: +৮৮০১৭৫৭৫৭১৭৪৬ নামারে, অথবা ই-মেইল করুন: [bristywork123@gmail.com](mailto:bristywork123@gmail.com) অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd), ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ এই ঠিকানায়।

## বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

## অন্যান্য:

- বিচারকগণ পুষ্টিবার্তা মূল্যায়ন করে নম্বর দিবেন।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ ক্ষেত্রধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

